Lecture: 02 (First Part)

The Gender Change | Definition, Types, & List

ইংরেজি ব্যাকরণে Gender Change একটি গুরুত্বপূর্ণ বিষয়। বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় Gender Change থেকে প্রায়শই প্রশ্ন এসে থাকে। যদি ও অন্যান্য টপিকের তুলনায় এই টপিকটি তুলনামূলক সহজ। তবে কমন কিছু জ্ঞান নিয়ে পড়ে থাকলে এই অধ্যায়ের প্রশ্ন থেকে ভুল উত্তর করার প্রবণতা ও কম নয়। তাই ছোট খাটো ভুল এড়াতে এই অধ্যায়টির খুঁটিনাটি পড়া উচিত। নতুবা অন্য দশজন প্রতিযোগি থেকে আপনি অবশ্যই পিছিয়ে পড়বেন। চলুন শুরুতেই জেনে নেয়া যাক gender কি?

What is gender?

নিচের উদাহরণগুলো পড়ঃ

He is a good man.

She is a good woman.

Biva looks after her (his নায়) goats.

উপরের উদাহরণগুলোতে He, she, man, woman, her-এর

ব্যবহার লক্ষ্য করেছ তো? প্রথম sentence-এ he ব্যবহৃত হয়েছে

বলে man ব্যবহৃত হয়েছে। দ্বিতীয় বাক্যের subject হল she আর

এজন্যেই woman ব্যবহৃত হয়েছে। Biva যেহেতু একটি মেয়ের

নাম, সেহেতু his ব্যবহৃত না হয়ে her ব্যবহৃত হয়েছে। তাহলে দেখা গেল স্ত্রী বা পুরুষ বুঝাতে word এর ব্যবহারও পাল্টাতে হয়েছে। যেসব word দ্বারা স্ত্রী, পুরুষ ইত্যাদি লিঙ্গ ভেদ বুঝায় তাদেরকে বলে gender.

What in nature is called the different of sex is in grammar called

the different of Gender - Nesfield.

Classification of Gender

Gender চার প্রকার। যথা :

1. Masculine gender (পুংলিঙ্গ)

- 2. Feminine gender (খ্রীলিঙ্গ)
- 3. Common gender (উভয়লিঙ্গ)
- 4. Neuter gender (ক্লীবলিঙ্গ)

<u>DISCUSSION AND EXAMPLES (আলোচনা এবং</u>

<u>উদাহরণ)</u>

1. Masculine gender : যে সব word দিয়ে পুরুষ জাতি বুঝায়

তাদের masculine gender হয় বা ঐ সব <u>Noun</u> বা <u>Pronoun</u> কে

masculine noun বলে । যেমন : Rahin, father, uncle, he,

grandfather, boy ইত্যাদি।

2. Feminine gender : যে সব <u>Noun</u> বা <u>Pronoun</u> স্ত্রী জাতি বুঝায় তাদের feminine gender হয়। যেমন : Mother, grandmother, aunt, she, sister ইত্যাদি।

3. Common gender : যে সব word দিয়ে একই সাথে পুরুষ এবং স্ত্রী উভয়ই বুঝানো যায় তাদের common gender হয়। যেমন : student (ছাত্র/ছাত্রী), lawyer (উকিল), orphan (এতিম), parent (মা, বাবা), friend, cousin (চাচাত, খালাত, ফুফাত, মামাত ভাই বা বোন), person (ব্যক্তি নারী বা পুরুষ), they (তারা) ইত্যাদি। 4. Neuter gender : যে সব word স্ত্রী বা পুরুষ কোনটি না বুঝিয়ে

অচেতন বস্তুকে বুঝায় তাদের neuter gender হয়। যেমন: Table,

chair, sky, iron, it, that ইত্যাদি।

Gender Change List

Masculine Gender কে Feminine Gender-এ পরিবর্তনের

নিয়ম :

সাধারণত চারটি প্রধান উপায়ে Masculine Gender-কে Feminine

Gender-এ পরিবর্তন করা যায় :

ভিন্ন শব্দ ব্যবহার করে।

2. Masculine Gender- এর সাথে 'ess' যোগ করে |

3. Masculine Gender-এর আগে ও পরে পুরুষবাচক শব্দের

পরিবর্তে স্ত্রীবাচক শব্দ যোগ করে।

4. Masculine Gender- এর সাথে a , ine, trix যোগ করে ।

1. ভিন্ন শব্দ ব্যবহার করে।

Masculine	Feminine
Father	Mother
Sir	Madam
Brother	Sister
Bull, Ox	Cow

Uncle	Aunt
Dog	Bitch
Nephew	Niece
Fox	Vixen
Husband	Wife
Horse	Mare
Man	Woman
Boar (শ্র্বির)	Sow (শূকরী)

Male	Female
Buck	Doe
Gentleman	Lady
Drake (পাঁতিহাস)	Duck
Lord	Lady
Drone (মৌমাছি)	Bee
King	Queen
Gander (রাজহাঁস)	Goose

Bachelor	Maid
Ram	Ewe
Monk (সন্ন্যাসী)	Nun
Stag (হরিণ)	Hind
Widower (বিপত্মীক)	Widow
Wizard (ডাইন)	Witch
Beau (ফুলবাবু)	Belle

Boy	Girl
Bridegroom	Bride
Cock	Hen
Colt (অশ্বশাবক)	Filly
Daddy	Mummy
Hart (হরিণ)	Roe
Lad	Lass
Papa	Mamma

Son	Daughter
Swain (বনদেবতা)	Nymph
Tailor	Seamstress

2. Masculine Gender- এর সাথে 'ess' যোগ করে |

A. Masculine-এর মূল শব্দের কোনরূপ পরিবর্তন না করে :

Masculine	Feminine
Author	Authoress
Mayor	Mayoress

Baron	Baroness
Patron	Patroness
Count	Countess
Peer	Peeress
Giant	Giantess
Poet	Poetess
Heir	Heiress
Priest	Priestess

Host	Hostess
Prophet	Prophetess
Jew	Jewess
Shepherd	Shepherdess
Lion	Lioness
Steward	Stewardess
Manager	Manageress
Viscount	Viscountess

God		Goo	ddess		
	1. NT			47	

B. Masculine Noun-এর শেষ syllable এর vowel বাদ দিয়ে

ess যোগ করে :

Masculine	Feminine
Actor	Actress
Prince	Princess
Abbot (মঠাধ্যক্ষ)	Abbess
Preceptor (উপদেষ্টা)	Preceptress

Conductor	Conductress
Seamster (দরজি)	Seamstress
Duke	Duchess
Songster (গায়ক)	Songstress
Emperor	Empress
Master	Mistress
Enchanter(জাদুকর)	Enchantress
Murderer	Murderess

Governor	Governess
Tempter(প্রলোভনকারী)	Temptress
Benefactor	Benefactress
Tiger	Tigress
Hunter	Huntress
Traitor (বিশ্বাসঘাতক)	Traitress
Instructor	Instructress
Waiter	Waitress

Director	Directress
Warder (প্রহরী)	Wardress
Founder	Foundress
Tutor	Tutress
Inspector	Inspectress
Sorcerer (জাদুকর)	Sorceress
Nigro	Nigress
Porter	Pottress

C. Masculine Noun-এর সাথে অনিয়মিতভাবে ess যোগ

করে :

Masculine	Feminine
Abbot	Abotess
Master	Miss
Master	Mistress

3. Compound Noun এর Masculine অংশটির Feminine

ব্যবহার করে :

(ক) প্রথমাংশ পরিবর্তন করে:

Masculine	Feminine
Mankind (মানসুলন্ড)	Womankind
Billy-goat	Nanny-goat
Male-servant	Maid-servant
Cock-sparrow	Hen-sparrow
Duck-rabbit	Doe- rabbit
He-goat	She-goat
Bull-calf	Cow-calf

He-bear	She-bear
Brother-in-law	Sister-in-law
He-ass	She-ass
Father-in-law	Mother-in-law
Male-child	Female-child
Milkman (গোয়ালা)	Milkmaid
Son-in-law (খ) দিতীয়াংশ Masculine পবিব্য	Daughter-in-law

(খ) দ্বিতীয়াংশ Masculine পরিবর্তন করে :

Masculine	Feminine
School-Master	School-mistress
Beggarman	Beggarmaid
Washerman	Washerwoman
Foster-father	Foster-mother
Landlord	Landlady
Gentleman	Gentlewoman
Godfather	Godmother

Grandpa	Grandma
Step-brother	Step-sister
Step-brother	Step-mother
Grandfather	Grandmother

4. বিদেশী ভাষা হতে আগত Masculine Noun-কে a, trix ,

ine ইত্যাদি যোগ করে Feminine করা যায়।

Masculine	Feminine
Don	Dona, Donna

Hero	Heroine
Infant	Infanta
Sultan	Sultana
Administrator	Administratrix
Executor	Executrix
Testator	Testatrix
Czar	Czarina

কতগুলো Feminine Noun-এর কোন Masculine form নেই।

এরা সর্বদাই Feminine রূপে ব্যবহৃত হয়। এদের নিত্য

Feminine বলে ।

Amazon	Shrew
Virgin	Nurse
Blonde	Drab
Siren	Coquette
Flirt	Dowager
Housewife	

বি.দ্র. Blonde এর আর এক রূপ হচ্ছে Blond যা

উভয়লিঙ্গ নির্দেশ করে।

কতগুলো Masculine Noun আছে যাদের কোন Feminine

form নেই l

Captain	Judge
Chairman	Coward
Knight	Squire
Parson	

কতগুলো Noun সর্বদা Common Gender-রূপে ব্যবহৃত

Baby	Cousin
Child	Friend
Pupil	Parent
Infant	Person
Spouse	Relative
Orphan	Student
Beggar	Enemy
Writer	

Lecture :02 Second Part

<u>The Number Change singular to plural | Definition, Types ,</u> <u>Rules</u>

Number এর অর্থ হলো বচন বা সংখ্যার ধারণা।

BCS সহ প্রায় সকল প্রতিযোগিতামূলক পরীক্ষায় Number থেকে প্রায়ই question set করা হয়ে থাকে। Number এর ক্ষেত্রে দেখা যায় যে, Singular ও Plural number এর ব্যতিক্রম form গুলোই বেশি এসে থাকে।

What is Number ?

সংজ্ঞা : যা দ্বারা কোন বস্তু বা প্রাণীর সংখ্যা বুঝায় তাকে Number বলে। Number এর অর্থ হলো বচন বা সংখ্যার ধারণা। BCS সহ প্রায় সকল প্রতিযোগিতামূলক পরীক্ষায় Number থেকে প্রায়ই question set করা হয়ে থাকে। Number এর ক্ষেত্রে দেখা যায় যে, Singular & Plural number এর ব্যতিক্রম form গুলোই বেশি এসে থাকে।

What is Number ?

সংজ্ঞা : যা দ্বারা কোন বস্তু বা প্রাণীর সংখ্যা বুঝায় তাকে Number বলে।

Number দুই প্রকার যথা :

Singular Number: যে <u>Noun</u> দ্বারা কেবল একজন ব্যক্তি, বস্তু বা

প্রাণীকে বুঝায় তাকে Singular Number বলে। যেমন- Man, Book,

Table ইত্যাদি।

Plural Number : যে <u>Noun</u> দ্বারা একের অধিক ব্যক্তি, বস্তু বা প্রাণীকে বুঝায় তকে Plural Number বলে। যেমন- Girls, Books, Tables, Men ইত্যাদি।

<u>Number এর সঠিক ব্যবহার</u>

Rule-1: এমন কতগুলো Noun আছে যাদের মধ্যকার Vowel

পরিবর্তন করে Plural করা হয়। এগুলো হলো-

Singular	Plural
Foot (পায়ের পাতা)	Feet
Goose (রাজহংসী)	Geese

Louse (উকুন)	Lice
Man (মানুষ)	Men
Mouse (ইঁদুর)	Mice
Tooth (দাঁত)	Teeth
Woman (মহিলা)	Women

Rule-2 : কোন <u>Noun</u> এর শেষে যদি f বা fe থাকে তাহলে Plural

করার সময় f/fe এর স্থলে ves হয়। এগুলো হলো-

Singular	Plural

Half (অর্ধেক)	Halves
Knife (ছুরি)	Knives
Leaf (পাতা)	Leaves
Loaf (খণ্ডরুটি)	Loves
Self (নিজ)	Selves
Thief (চোর)	Thieves
Wife (ख्री)	Wives